

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৯৬

১/ বিবিধ

আরবী

إن الله يحب العبد المؤمن المفتن التواب

موضوع

أخرجه عبد الله بن أحمد في زوائد "المسند" (رقم 605، 810) ومن طريقه أبو نعيم في "الحلية" (3/ 178 - 179) عن أبي عبد الله مسلمة الرازي عن أبي عمرو البجلي عن عبد الملك بن سفيان الثقفي عن أبي جعفر محمد بن علي عن محمد بن الحنفية عن أبيه مرفوعا، وهذا إسناد موضوع: أبو عبد الله مسلمة الرازي لم أجد له ترجمة، ولم يورده الحافظ بن حجر في تعجيل المنفعة بزوائد رجال الأئمة الأربعة "مع أنه على شرطه، وقد فاته من مثله تراجم كثيرة، وأبو عمرو البجلي، قال الذهبي في الميزان ثم الحافظ في "التعجيل

يقال: اسمه عبدة، حدث عنه حرمي بن حفص، قال ابن حبان: لا يحل الاحتجاج به وقد جزم الحافظ في "الكنى" من "لسان الميزان" (6/ 419) بأنه هو عبدة ابن عبد الرحمن، ويؤيده أن الذهبي ثم العسقلاني أورداه في "الأسماء" هكذا عبدة بن عبد الرحمن أبو عمرو البجلي، ذكره ابن حبان فقال: روى عن يحيى بن سعيد، حدث عنه حرمي بن حفص، يروي الموضوعات عن الثقات روى عن يحيى بن سعيد بن المسيب عن أبي أيوب قال: أخذت من لحية النبي صلى الله عليه وسلم شيئا فقال "لا يصيبك السوء أبا العرب"

قلت: وقد أورده ابن أبي حاتم فيمن اسمه عبدة بالفتح (3/ 1/ 92) ولم يذكر فيه

جرحا ولا تعديلا، وفي هذا تنبيه على أنه لا ينبغي أن يحمل سكوت ابن أبي حاتم عن الرجل على أنه ثقة كما جرى عليه بعض المحدثين المعاصرين وبعض مدعي العلم، فإنك ترى هذا الرجل قد سكت عنه ويبعد جدا أن يكون عنده ثقة مع قول ابن حبان فيه ما تقدم فتأمل، بل إن ابن أبي حاتم رحمه الله قد نص في أول كتابه (1 / 1 / 38) على أن الرواة الذين أهملهم من الجرح والتعديل إنما هو لأنه لم يقف فيهم على شيء من ذلك، فأوردتهم رجاء أن يقف فيهم على الجرح والتعديل فيلحقه بهم، وعبد الملك بن سفيان الثقفى قال الحسينى مجهول وأقره الحافظ في "التعجيل

والحديث في "مجمع الزوائد" (10 / 200) وقال: رواه عبد الله وأبو يعلى وفيه من لم أعرفه، وعزاه إليهما شيخه العراقي في "تخريج الإحياء" (4 / 5) وقال: سنده ضعيف، ثم رأيت في "مفتاح المعاني" (67 / 1) من طريق الواقدي: حدثنا إبراهيم بن إسماعيل عن عبد الله بن أبي سفيان عن يزيد بن ركانة عن محمد بن الحنفية به، لكن الواقدي كذاب، فالحديث موضوع وإن ذكره في "الجامع" من طريق الأولى

বাংলা

৯৬। নিশ্চয় আল্লাহ ভালবাসেন পথভ্রষ্ট তওবাকারী মু'মিন বান্দাকে।

হাদীসটি জাল।

এটি আব্দুল্লাহ ইবনু আহমাদ “যাওয়াইদুল মুসনাদ” গ্রন্থে (নং ৬০৫,৮১০) এবং তার সূত্রে আবু নু'য়ইম “হিলইয়াহ” গ্রন্থে (৩/১৭৮-১৭৯) উল্লেখ করেছেন।

এ সূত্রে আবু আবদিল্লাহ মাসলামা আর-রাযী রয়েছেন। তিনি আবু আমর আল-বাজালী হতে আর তিনি আব্দুল মালেক ইবনু সুফিয়ান আস-সাকফী হতে ... বর্ণনা করেছেন।

এ সনদটি জাল। কারণ আবু আবদিল্লাহ মাসলামা আর-রাযীর জীবনী পাচ্ছি না। হাফিয় ইবনু হাজার তাকে তার “তাজীলুল মানফায়াহ” গ্রন্থে উল্লেখ করেননি।

আবু আমর আল-বাজালী সম্পর্কে যাহাবী “আল-মীযান” গ্রন্থে এবং ইবনু হাজার “আত-তাজীল” গ্রন্থে বলেনঃ

বলা হয় তার নাম আবীদা, তার থেকে হারামী ইবনু হাফস হাদীস বর্ণনা করেছেন। ইবনু হিব্বান বলেনঃ তার মাধ্যমে দলীল গ্রহণ করা হালাল নয়।

হাফয ইবনু হাজার দৃঢ়তার সাথে “আল-কুনা” গ্রন্থে “লিসানুল মীযান”-এর উদ্ধৃতিতে (৬/৪১৯) বলেছেনঃ তিনি হচ্ছেন আবীদা ইবনু আবদির রহমান। তাকে ইবনু হিব্বান উল্লেখ করে বলেছেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে জাল হাদীস বর্ণনা করতেন।

আব্দুল মালেক ইবনু সুফিইয়ান আস-সাকাকী সম্পর্কে হুসাইনী বলেনঃ তিনি মাজহুল। হাফয ইবনু হাজার তার এ কথাকে “আত-তা’জীল” গ্রন্থে সমর্থন করেছেন।

এছাড়া হাদীসটি ওয়াকেরী সূত্রে বর্ণিত হয়েছে। তিনি একজন মিথ্যুক। অতএব হাদীসটি বানোয়াট।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=5357>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন